

# আমাদেরময়

## ঢাবির ১২ শিক্ষার্থী স্থায়ী বহিষ্কার

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২ মার্চ ২০২১ ০০:০০ | আপডেট: ১ মার্চ ২০২১ ২২:২৯

# আমাদেরময়

ডিজিটাল জালিয়াতি ও অবৈধ পন্থায় ভর্তিসহ বিভিন্ন অভিযোগ প্রমাণিত হওয়ায় ১২ শিক্ষার্থীকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ীভাবে বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১৫১ জন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় শৃঙ্খলা পরিষদের সুপারিশ অনুযায়ী বহিষ্কারের এই সিদ্ধান্ত নেওয়া হয়। ঢাকা

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারজ্জামান সিন্ডিকেটের এই সভায় সভাপতিত্ব করেন।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের অধ্যাপক ড. একেএম গোলাম রবানী বলেন, ভর্তি জালিয়াতি ও একাডেমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১২ শিক্ষার্থীকে স্থায়ী বহিষ্কার করার সিদ্ধান্ত নিয়েছে সিন্ডিকেট। তাদের মধ্যে ভর্তি পরীক্ষায় ডিজিটাল ডিভাইস ব্যবহার করে জালিয়াতির দায়ে সাতজনকে স্থায়ী বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া আরও ১৫১ জনকে বিভিন্ন মেয়াদের সাজা দেওয়া হয়েছে।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১১

ই-মেইল : [news@dainikamadershomoy.com](mailto:news@dainikamadershomoy.com), [editor@dainikamadershomoy.com](mailto:editor@dainikamadershomoy.com)

